মেহেরপুরে দুই সাংবাদিকের বিরুদ্ধে থানায় চাঁদাবাজির অভিযোগ

আমাদের সূর্যোদয় পত্রিকার সাংবাদিক পরিচয়ে চাঁদাবাজি ও ব্ল্যাকমেইলের অভিযোগ উঠেছে দুই সাংবাদিক মোঃ আব্দুর রউফ ও মোঃ মহসিন আলীর বিরুদ্ধে।

ভুক্তভোগী ব্যবসায়ী ওবায়দুল্লাহ বিষয়টি নিয়ে মেহেরপুর সদর থানায় একটি লিখিত অভিযোগের পাশাপাশি ঘটনার সিসিটিভি ফুটেজ হস্তান্তর করেছেন। মেহেরপুর সদর থানার ডিউটি অফিসার ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

মেহেরপুর সদর উপজেলার কুলবাড়িয়া গ্রামের হার্ডওয়ার ব্যবসায়ী মোঃ ওবায়দুল্লাহ’র (৪৮) দায়ের করা অভিযোগ থেকে জানা গেছে, মোঃ আব্দুর রউফ (৫৮) এবং মোঃ মহসিন আলী (৬০) নিজেদের স্থানীয় দৈনিক আমাদের সূর্যোদয় পত্রিকার প্রতিনিধি পরিচয় দিয়ে ২৩ এপ্রিল মঙ্গলবার ওবায়দুল্লাহ ব্যবসা প্রতিষ্ঠানে যান।

এ সময় তারা তাকে সুদী ব্যবসায়ী আখ্যায়িত করেন এবং বলেন জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের কাছে তার অপকর্মের সকল প্রমাণ রয়েছে। এ সময় তারা তাকে ভয় ভীতি দেখান এবং মোটা অংকের চাঁদা দাবি করে বলেন তাদেরকে টাকা দিলে জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনকে ম্যানেজ করে বিষয়টি ধামাচাপা দেওয়া হবে।

একই সাথে তারা হুমকি দেন টাকা না দিলে বিভিন্ন পত্র-পত্রিকায় তাকে নিয়ে খবর প্রকাশিত করা হবে। পরে তারা ব্যবসায়ী ওবায়দুল্লাহর কাছ থেকে ১০ হাজার টাকা নিয়ে স্থান ত্যাগ করেন এবং পরবর্তী ২৪ ঘণ্টার মধ্যে আরো ১ লাখ টাকা দেওয়ার জনয় আল্টিমেটাম দেন।

এরপর বুধবার ২৪ এপ্রিল বিকেল ৫ টা ২৫ মিনিটে আব্দুর রউফ ০১৭১৬১৩৪৮৩০ নম্বর থেকে ওবায়দুল্লাহকে কল দিয়ে আবারো ১ লাখ টাকা চাঁদা চেয়ে হুমকি ধামকি দিলে, তিনি থানায় এসে একটি লিখিত অভিযোগ দায়ের করেন। এ সময় তিনি তার প্রতিষ্ঠানে সিসিটিভি ক্যমেরায় ধারনকৃত পূর্বে চাঁদা প্রদানের ভিডিওটি পুলিশের কাছে হস্তান্তর করেন।

চিকিৎসা সেবা দেওয়ার অপরাধে আমরা আব্দুর রউফকে ৫০ হাজার টাকা জরিমানা করেছি। চিকিৎসা সেবা সম্পর্কিত তার প্রাতিষ্ঠানিক শিক্ষা নাই। বাংলাদেশের চিকিৎসা করার জন্য বিএমডিসির ছাড়পত্র বা অনুমোদন তার নাই। কিন্তু সে নিজের নামের পূর্বে ডাক্তার লিখে পরিচয় দিয়ে বেড়ায়। হঠাৎ করে দুই তিন দিন যাবত শুনছি আব্দুর রউফ একজন সাংবাদিক। হয়তো নিজের অপকর্ম ধামাচাপা দিতেই এখন এই রূপ ধারণ করেছে।’

অভিযুক্ত সাংবাদিক মোঃ মহাসিন আলীকে ব্ল্যাকমেল ও চাঁদাবাজির অভিযোগ সম্পর্কে জিজ্ঞাসা করলে তিনি বলেন, ‘ওবায়দুল্লাহ একজন সুদ ব্যবসায়ী। আমার কাছে সব রেকর্ড আছে। নিউজ তৈরি হচ্ছে। সিসিটিভি ফুটেজে টাকা নেওয়ার বিষয়টি নিয়ে প্রশ্ন করলে তিনি এড়িয়ে যান। আবারো বলেন আমার কাছে সব রেকর্ড আছে আমি নিউজ লিখছি।’

তবে, আব্দুর রউফ প্রথমে ষড়যন্ত্র বলে দাবি করলেও পরে স্বীকার করে নিউজ না করার অনুরোধ করেন।

আমাদের সূর্যোদয়ের প্রকাশক ও সম্পাদক আবুল কাশেম অনুরাগী বলেন, ‘ মাত্র একদিন আগে আব্দুর রউফ কে আমি আমার প্রতিষ্ঠানের আইডি কার্ড দিয়েছি। তবে মহসিন আলী দীর্ঘদিন ধরে আমার পত্রিকায় কাজ করছে। কখনো তার বিরুদ্ধে আমি এ ধরনের অভিযোগ শুনিনি। আপনি যদি কোন তথ্য প্রমাণ পান আমাকে জানাবেন। আমি নিজেই ব্যবস্থা গ্রহণ করব। কোন ব্যক্তির অপকর্মের দ্বায় আমার প্রতিষ্ঠান ও আমি নেবো না। ‘

মেহেরপুর সদর থানার ওসি সেখ কনি মিয়া চাঁদাবাজির অভিযোগের বিষয়টি নিশ্চিত করে বলেন, ‘অভিযোগের প্রেক্ষিতে অনুসন্ধান চলছে। পরবর্তীতে কি ব্যবস্থা নেয়া হয়েছে সেটা আমি জেনে আপনাকে নিশ্চিত করব। ‘

মেহেরপুরে আনারুল ইসলামের

পক্ষে জাতীয় পার্টির সমর্থন সভা

মেহেরপুর জেলা জাতীয় পার্টির রওশন এরশাদের নেতা কর্মীরা আগামী ৮ মে আসন্ন মেহেরপুর উপজেলার নির্বাচনে মটরসাইকেলের প্রার্থী মোঃ আনারুল ইসলামের নির্বাচনী সমর্থন সভার আয়োজন করেছে।

বৃহস্পতিবার (২৫ এপ্রিল) রাতে মেহেরপুর শহরের কাথুলী বাসইস্টার্নে এ নির্বাচনী সমর্থন সভার আয়োজন কর হয়।

সভার সভাপতিত্ব করেন কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক ও মেহেরপুর জেলা জাতীয় পার্টির আহ্বায়ক মোঃ মোসলেম আলী।

সভাপতির বক্তব্যে তিনি বলেন, আমরা জাতীয় পার্টি বুঝি না, আওয়ামী লীগ বুঝি না, বিএনপি বুঝি না। এখন আমরা দল মত নির্বিশেষে মোটরসাইকেলকে ভোট দিয়ে আমাদের মেহেরপুর উপজেলার নির্বাচনে চেয়ারম্যান নির্বাচিত করবো।

প্রধান অতিথি হিসেবে সমর্থন সভায় উপস্থিত ছিলেন পৌর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল।
প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন সাবেক ইউপি চেয়ারম্যান ও চেয়ারম্যান প্রার্থী মোঃ আনারুল ইসলাম।

সভার পরিচালনায় ছিলেন বিশিষ্ট সমাজসেবক ডা.মোঃ ইমদাদুল হক জীবন।

জাতীয় পার্টির সহ-সভাপতি হামিদুল ইসলামের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,জেলা জাতীয় পার্টির যুগ্ম আহবায়ক মোঃ সোহরাব হোসেন, মোঃ ওহাব আলী, মোঃ নজরুল ইসলাম, মোঃ বারেক আলী, মোঃ লালচাঁদ আলী প্রমুখ।

প্রখর রোদে ভ্যান রিকসা চালক ও হতদরিদ্রদের মাঝে ছাতা বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলার ভ্যান, রিক্সাচালক ও গরীব মানুষের মাঝে ৭০০ ছাতা বিতরণ করেছেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি শাহিদুজ্জামান শিপু।

আজ বৃহস্পতিবার (২৫এপ্রিল) সকাল থেকে গাংনী উপজেলা শহরের বাসস্ট্যান্ডসহ শহরের বিভিন্ন মোড়ে মোড়ে চলন্ত রিকসা, ভ্যান, আলগামন, নসিমন করিমন ও শ্রমজীবি নিরন্ন মানুষের হাতে ছাতা তুলে দেন তিনি।
এসময় সাবেক ছাত্রলীগ নেতা তানভীর ইসলাম উজ্জল, শ্রমিকলীগ নেতা মিজানুর রহমান মজনু, জিয়াউল ইসলাম, শাহিনুজ্জামান মিলনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

শাহিদুজ্জামান শিপু বলেন, এই প্রখর রোদ আর ভ্যাপসা গরমে মানুষ দিশেহারা হয়ে পড়েছে। যারা খেটে খাওয়া শ্রমজীবি মানুষ। বিশেষ করে ভ্যান, রিকসা, আলগামন, নসিমন করিমন চালক, দিন মজুর, কৃষক এই রোদে কষ্ট করছেন সামান্য সহযোগীতা নিয়ে তাদের পাশে দাঁড়ানো প্রচেষ্টা। শহরে ঘুরে ঘুরে আমি যাদের পেয়েছি তাদের হাতে উপহার সরুপ একটা করে ছাতা তুলে দিয়েছি। যাদের অর্থ আছে, তাদেরও উচিৎ ছিন্নমূল মানুষদের কল্যানে এগিয়ে আসা।

গাংনী উপজেলা শহরের কয়েকজন রিকসা চালক ছাতা পেয়ে শাহিদুজ্জামান শিপুর ছাতা পেয়ে তাকে প্রান খুলে দোওয়া করে বলেন এ শিপু জনতার।

উল্লেখ্য শাহিদুজ্জামান শিপু দেশে করোনা ভাইরাসের শুরু থেকেই গরীব ছিন্নমূল মানুষের মাঝে ত্রাণ সামগ্রী থেকে শুরু করে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের মধ্যে বাইসাইকেল বিতরণ, অসহায় দরিদ্র নারীদের মাঝে সেলাই মেশিন ও প্রতিবন্ধীদের মাঝে হুহল চেয়ার বিতরণ করে কার্যক্রম চালিয়ে আসছেন।

গাংনীতে বিদুৎষ্পৃষ্টে কৃষকের মৃত্যু

বিদ্যুৎচালিত সেচ পাম্পের সুইচ দিতে গিয়ে বিদুৎষ্পৃষ্টে আব্দুল হান্নান(৭৫)নামের এক কৃষকের মৃত্যু হয়েছে।

আজ বৃহস্পতিবার (২৫ এপ্রিল) সকাল দশটার দিকে গাংনী উপজেলার দেবীপুর গ্রামের দক্ষিন পাড়ায় এই ঘটনাটি ঘটে। আব্দুল হান্নান দেবীপুর গ্রামের খোদা বক্সের ছেলে।

আব্দুল হান্নানের মৃত্যুর ঘটনাটি নিশ্চিত করে ইউপি সদস্য হিরোক আহমেদ।

তিনি জানান, আব্দুল হান্নান নিজ বাড়ির পাশে নিজের বৈদ্যুতিক সেচ পাম্পের সুইস দিতে গিয়ে বিদুৎষ্পৃষ্ট হয়ে ঘটনাস্থলেই মারা যান। পরে স্থানীয়রা হান্নানের মরদেহ উদ্ধার করে বাড়ি নিয়ে আসেন।

স্থানীয় বামন্দী ক্যাম্প পুলিশের এসআই শরীফুল ইসলাম জানান, বিদুৎষ্পৃষ্টে কৃষক মৃত্যুর সংবাদ পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে। মরদেহ ওই কৃষকের পরিবারের হেফাজতে রয়েছে।

গরমে নাজেহাল দিনমজুরদের পানি,গামছা ও ক্যাপ দিলেন মেয়র

চলছে গ্রীষ্মের তাণ্ডব। ক্রমশ বাড়ছে তাপমাত্রা। সবমিলিয়ে জনজীবন হয়ে উঠেছে দুর্বিষহ। এই তীব্র গরমে মেহেরপুরের দিনমজুর ও সাধারণ পথচারীদের স্বস্তি দিতে সুপেয় পানি, গামছা ও ক্যাপ বিতরণ করেছেন পৌর মেয়র মাহাফুজুর রহমান রিটন।

আজ বৃহস্পতিবার (২৫ এপ্রিল) দুপুরে দিনমজুর ও পথচারীদের মাঝে এ বোতলজাত বিশুদ্ধ খাবার পানি ও ক্যাপ বিতরণ করা হয়।

পৌর শহরের শতশত পথচারী ও রিক্সা চালকদের হাতে এইসব জিনিস তুলে দেন পৌর মেয়র মাহাফুজুর রহমান রিটন এবং প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন।

এসময় পৌর মেয়র বলেন, চলমান তাপপ্রবাহের কারণে মানুষ প্রচণ্ড অস্থিরতার মধ্যে আছে। বিশেষ করে খেটে খাওয়া মানুষরা ঠিকভাবে কাজ করতে পারছেন না। একটু কাজ করলেই হাঁপিয়ে উঠছেন। গরম থেকে কিছুটা প্রশান্তি দেওয়ার লক্ষ্যে এই উদ্যোগ নেওয়া হয়েছে।

তিনি আরো বলেন, পৌর কমিউনিটি সেন্টার উন্মুক্ত করে দেওয়া হয়েছে যাতে পথচারী মানুষ আশ্রয় নিয়ে একটু বিশ্রাম নিয়ে আবারো কাজ শুরু করতে পারে। এছাড়াও সুপ্রিয় স্যালাইন পানির ব্যবস্থা করে দেওয়া হয়েছে।

আগামী ২৫ সাল পর্যন্ত মেহেরপুর পৌরসভা একটি গ্রীন জনে পরিণত করব এবং প্রত্যেকটি বাসা বাড়িতে ছাদ বাগান করার জন্য উৎসাহিত করব। মেহেরপুর পৌর সভায় যাতে প্রচুর পরিমাণ গাছ থাকে সেই জন্য তাৎক্ষণিক ১০ হাজার গাছ আমরা রোপণ করবো।

এসময় আরো উপস্থিত ছিলেন, পৌর সচিব জি. এম. ওবায়দুল্লাহ, উপ-সহকারী প্রকৌশলী মহাসিন আলী, কাউন্সিলর মীর জাহাঙ্গীর হোসেন, আল মামুন, আব্দুর রহিম, মুস্তাক আহমেদ, শারমিন সুলতানাসহ পৌর কর্মচারীরা।

মুজিবনগরে সার্বজনীন পেনশন স্কীম মাঠ পর্যায়ে অবহিতকরণ সভা

সার্বজনীন পেনশন স্কীম-একটি রাষ্টের টেকসই উন্নয়নের অন্যতম শর্ত হলো- উন্নয়ন প্রক্রিয়ায় সকল নাগরিককে সম্পৃক্ত করা এবং সবার জন্য সমান সুযোগ সৃষ্টির মাধ্যমে ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠা করা। বৈষম্যহীন সামাজিক কাঠামোয় সকল নাগরিকের বিশেষ করে বয়স্ক

শিক্ষিকা, মসজিদের ইমাম, গ্রাম পুলিশ এবং বিভিন্ন শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

সরকার সকল শ্রেনী পেশার মানুষের বয়স্ক কালিন নিরাপত্তার জন্য ৫ টি সর্বজনীন পেনশন স্কীম চালু করেছে সেগুলো হল-
১।প্রবাস স্কীম-(প্রবাসী) যার মাসিক চাঁদা ২০০০-১০০০০।
২।প্রগতি স্কীম-(বেসরকারী চাকুরিজীবী) যার মাসিক চাঁদা ২০০০-১০০০০।
৩।সুরক্ষা স্কীম-(সকর্মে নিয়োজিত) যার মাসিক চাঁদা ১০০০-৫০০০। ৪।সমতা স্কীম- (অতিদরিদ্র)যার মাসিক চাঁদা ৫০০
৫।প্রত্যয় স্কীম- (স্বায়িত্বশাসিত পতিষ্ঠানে কর্মরত চাকুরিজীবীদের জন্য বিশেষায়িত স্কিম) যার মাসিক চাঁদা ২০০০-১০০০০।
সার্বজনীন পেনশন স্কীমে ১৮ থেকে ৫০ বছর বয়সী যে কেও যুক্ত হতে পারবেন এবং ৬০ বছর বয়সে চাঁদা বন্ধ হয়ে প্রতি মাসে পেনশন শুরু হবে।

অবহিতকরণ সভা শেষে উপজেলা চত্বরে স্থাপিত সার্বজনীন পেনশন স্কিমের রেজিস্ট্রেশন বুথের উদ্বোধন করা হয়।

মেহেরপুরের গাংনীতে বীর মুক্তিযোদ্ধার রাস্ট্রীয় মর্যাদায় দাফন

মেহেরপুরের গাংনী উপজেলার বাদিয়াপাড়া গ্রামের বীর মুক্তিযোদ্ধা মহসিন আলী মাস্টারকে (পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (২৫ এপ্রিল) সকাল সাড়ে ১০টার সময় বাদিয়াপাড়া গ্রামে তাকে গার্ড অব অনার দেওয়া হয়। গাংনী থানা পুলিশের একটি দল গার্ড অব অনার প্রদান করেন।

এসময় বিউগলে করুন সুর বাজানো হয়। রাষ্ট্রের পক্ষে গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম অভিবাদন গ্রহণ করে বীর মুক্তিযোদ্ধা মহসিন আলীর মরদেহ জাতীয় পতাকা দিয়ে আচ্ছাদিত করেন।

এসময় উপস্থিত ছিলেন-মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান প্রার্থী এম এ খালেক, বামন্দী ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল, স্থানীয় বীর মুুক্তিযোদ্ধা ও গণ্যমান্য ব্যক্তিবর্গ।

বীর মুক্তিযোদ্ধা মহসিন আলীর মরদেহে ফুল দিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করেন, বীর মুক্তিযোদ্ধাগণ। পরে গার্ড অব অনার ও নামাজে জানাজা শেষে স্থানীয় গারেস্থানে দাফন সম্পন্ন করা হয়।

উল্লেখ্য, বীর মুক্তিযোদ্ধা মহসিন আলী মাস্টার বেশ কিছুদিন যাবৎ বার্ধক্যজনিত কারণে বিভিন্ন অসুখে ভুগছিলেন। বাড়িতে রেখেই তার চিকিৎসা চলছিল। গতরাত ১ টার দিকে অসুস্থ হয়ে পড়লে পরিবারের লোকজন তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন। সেখানেই চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

তার এক ছেলে, দুই মেয়ে আত্মীয় স্বজন, বন্ধু-বান্ধবসহ অসংখ্য গুণগ্রাহী রয়েছেন।

গাংনীতে মায়ের বকুনি খেয়ে শিশুর আত্ম*হ*ত্যা

মায়ের বকুনি খেয়ে আত্মহত্যা করেছে ইসমত তারা ওরফে জোসনা (১২) নামের এক শিশু।

গতকাল বুধবার (২৪ এপ্রিল) দুপুরের দিকে নিজ ঘরের আড়ার সাথে গলায় ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করে সে। জোসনা খাতুন গাংনী উপজেলার তেরাইল গ্রামের ইউসুফ আলীর মেয়ে।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম বলেন, জোসনার মা তাকে বাড়ির হাঁস-মুরগিকে

খেতে দেওয়ার কথা বলেন। জোসনা খাতুন পারবেনা জানালে তাকে বকাবকি করেন। এতে সে মায়ের উপর অভিমান করে নিজ ঘরের আড়ার সাথে উড়না পেঁচিয়ে আত্মহত্যা করে।

এঘটনায় থানায় একটি অপমৃত্যুর মামলা হয়েছে।

র্যাবের হাতে ইয়াবাসহ শ্যামলী পরিবহনের চালক আটক

২৭৩ পিচ ইয়াবা ট্যাবলেটসহ দুরপাল্লার বাস শ্যামলী পরিবহনের চালক সাঈদ হোসেন (৪০) ধরা পড়লেন র্যাপিড একশন ব্যাটালিয়ন (র্যাব-১২) গাংনী ক্যাম্পের সদস্যদের কাছে।

আটককৃত সাঈদ আলী গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের খেদ আলীর ছেলে।

গতকাল বুধবার (২৪ এপ্রিল) দিবাগত রাত ৯ টার দিকে জেলার গাংনী উপজেলা শহরের বাসস্ট্যান্ড থেকে তাকে আটক হন।

র্যাব-১২ (গাংনী) ক্যাম্পের কমান্ডার ও সহকারি পুলিশ সুপার মনিরুজ্জামান এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, ঢাকা থেকে মেহেরপুরের গাংনী অভিমুখে ছেড়ে আসা শ্যামলী পরিবহন (ঢাকা মেট্রো-ব-১১-৬৪৪৯) থেকে ২শ৭৩ পিচ ইয়াবাসহ চালক সাইদ আলীকে আটক করা হয়েছে।

তিনি আরো জানান, গোপন সংবাদের ভিত্তিতে ঢাকা থেকে ছেড়ে আসা শ্যামলী পরিবহন (ঢাকা মেট্রো-ব-১১-৬৪৪৯) এর চালক সাইদ আলীর দেহ তল্লাশী করা হয়। এসময় তার কাছ থেকে ২৭৩ পিচ ইয়াবা ট্যাবলেট জব্দ করা হয়। সাঈদ হোসেনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা প্রদানসহ গাংনী থানায় হস্তান্তরের করা হয়েছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]